

**RBI/2004-05/347**

**No.CO.DT.13.01.299/H.6284-6313 /2004-05**

জানুয়ারী ১৫, ২০০৫

চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর

স্টেট ব্যাংক অফ ইণ্ডিয়া এবং তার সহযোগী ব্যাংক এবং ১৭টি রাষ্ট্রীয় ব্যাংক

ম্যানেজিং ডিরেক্টর

আই-সি-আই-সি-আই/ আই-ডি-বি-আই/এইচ-ডি-এফ-সি/ইউ-টি-আই ব্যাংক লিমিটেড

স্টক হোল্ডিং কর্পোরেশন অব ইণ্ডিয়া লিমিটেডের

মাননীয় মহাশয়,

রিলিফ (ত্রাণ)/সেভিংস (সঞ্চয়) বন্ড প্রকল্প—অর্থপ্রদান আদেশ/মেয়াদপূর্তি বন্ডের জন্য ড্রাফট

আমরা আখ্যায়িত যুগ্ম বন্ডধারীদের কাছ থেকে প্রস্তাব পাচ্ছি যে এখনকারমত বন্ডের প্রদেয় আয়ের অর্থপ্রদান প্রত্যাদেশ সকল ধারকের পরিবর্তে যে কোন একজনের নামে দেওয়া হোক। বিষয়টা আমরা খতিয়ে দেখেছি এবং আমরা জানাই যে, ভারতীয় কনট্রোল অ্যাক্ট ১৮৭২,-এর ধারা ৪৫ যুগ্ম অধিকার হস্তান্তর সম্পর্কে ব্যবহৃত হয়। ইহা বিরোধী অভিপ্রায় ঘোষণার সুযোগ দেয়। যুগ্ম বন্ডধারীদের পাওয়ার অফ অ্যাটর্নি দস্তখতকারী যুগ্ম বন্ডধারীদের অভিপ্রায় ঘোষণা করে। তাই, তেমন কোন যুগ্ম বন্ডধারী যার নামে অন্য বাকী যুগ্ম বন্ডধারীগণ নির্দেশিত ফর্ম অনুসারে জয়েন্ট হোল্ডারস্ পাওয়ার অব অ্যাটর্নি দিয়েছে তার নামে মেয়াদপূর্তি আয় প্রদানে কোন আপত্তি থাকতে পারে না। যার নামে উক্ত পাওয়ার অফ অ্যাটর্নি দেওয়া হয়েছে তার নামে অর্থপ্রদান আদেশ দেওয়া ঠিক হবে।

২। উপর্যুক্ত বিষয়ের আলোকে এবং আরো ভাল ক্রতা পরিষেবা দেওয়ার লক্ষে এখন এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে যুগ্ম বন্ডধারী, যার নামে অন্য বাকী যুগ্ম বন্ডধারীগণ জয়েন্ট হোল্ডারস পাওয়ার অফ অ্যাটর্নি দিয়েছে তার নামে মেয়াদপূর্তি আয় প্রদানের অনুমতি দেওয়া হবে(ফরমট সংযোজিত হল)। জয়েন্ট হোল্ডারস পাওয়ার অফ অ্যাটর্নি পাওয়া সাপেক্ষে (cf. No.CO.DT.13.01.201/1488/2000-01, তাং সেপ্টেম্বর ২০, ২০০০) প্রথম ধারকের নামে ইন্টারেস্ট ওয়ারেন্ট দেওয়ার অনুমতি আগেই দেওয়া আছে।

৩। অতএব, অনুরোধ করা হোলে, যার স্বার্থে জয়েন্ট হোল্ডারস পাওয়ার অফ অ্যাটর্নি দেওয়া হয়েছে এমন যুগ্ম ধারকের নামে আপনি মেয়াদপূর্তিতে প্রদেয় অর্থ দেওয়ার আদেশ দিতে পারেন।

৪। যেসমস্ত নির্দিষ্ট শাখা এই প্রকল্প চালাচ্ছে দয়া করে তাদের প্রয়োজনীয় নির্দেশ দিন।

৫। অনুগ্রহ করে প্রাপ্তিস্বীকার করবেন।

ইতি ভবদীয়,

স্বাক্ষর

(ডি রাজাগোপাল রাও)

ডেপুটি জেনারেল ম্যানেজার